

💵 ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ পবিত্রতা

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

(১৫১) কোন মানুষ যদি পায়ের লম্বা জুতায় (যা পায়ের টাখনু ঢেকে পরা হয়) মাসেহ করার পর তা খুলে ফেলে এবং মোজার উপর মাসেহ করে, তবে তার মাসেহ বিশুদ্ধ হবে কি?

বিদ্বানদের নিকট প্রসিদ্ধ কথা হচ্ছে, কেউ যদি পরিহিত দু'টি মোজার কোন একটিতে মাসেহ করে তবে সেটারই মাসেহ হবে দ্বিতীয়টির মাসেহ হবে না। কেউ কেউ বলেন, যদি নীচের মোজায় মাসেহ করা হয়, তবে সময়সীমা বাকী থাকলে দ্বিতীয়টিতে মাসেহ করা জায়েয হবে। এটাই বিশুদ্ধ মত। অর্থাৎ- কেউ ওযু করে মোজার উপর মাসেহ করল, এরপর দ্বিতীয় আরেকটি মোজা, বা জুতা পরিধান করল, অতঃপর উপরেরটির উপর মাসেহ করল, তবে প্রাধান্যযোগ্য মতানুযায়ী সময়সীমা বাকী থাকলে কোন অসুবিধা নেই। কিন্তু প্রথমটির উপর মাসেহ করার পর থেকে সময়সীমা হিসাব করতে হবে, দ্বিতীয়টির উপর মাসেহের সময় থেকে নয়।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=682

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন